# 2 0 1 2

# ELECTIVE BENGALI

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কৃত্তিবাসের জন্মস্থান কোথায়?

(খ) চর্যাপদের সংস্কৃত টীকা কে রচনা করেছিলেন?

(গ) বিপ্রদাস পিপলাই রচিত 'মনসামঙ্গল' কাব্যের নাম কী?

(ঘ) কার পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর মহাভারতের অনুবাদ করেছিলেন?

(ঙ) চৈতন্যদেবের পিতা কে ছিলেন?

(চ) বৃন্দাবন দাস রচিত চৈতন্যজীবনী কাব্যটির নাম কী?

(ছ) 'সতীময়না' কাব্যটি কার রচনা?

(জ) 'সাধকরঞ্জন' নামক তন্ত্রসাধনামূলক কাব্যটি কার রচনা?

(ঝ) 'লোরচন্দ্রাণী' কাব্যের শেষাংশ কে রচনা করেন?

(ঞ) 'শ্রীকৃষ্ণকীর্তন' পুঁথিটি কে আবিষ্কার করেন?

২ । সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট চরিত্র কয়টি ও কী কী ?

(খ) রামপ্রসাদ রচিত দুখানি কাব্যের নাম কী কী ?

(গ) রূপরাম চক্রবর্তী কোন্ শতকের কবি ? তাঁর রচিত মঙ্গলকাব্যটির নাম কী ?

(ঘ) সুলতানের দরবারে সনাতন গোস্বামী ও রূপ গোস্বামী কী কী উপাধি লাভ করেছিলেন ?

(ঙ) 'হাজার বছরের পুরান বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোহা' গ্রন্থটি কবে, কার সম্পাদনায় বঙ্গীয় সাহিত্য পরিষদ্ থেকে প্রকাশিত হয় ?

৩ । টীকা লেখো (যে কোনো চারটি) : ৫×৪=২০

বৃন্দাবনের ষড় গোস্বামী ; ময়মনসিংহগীতিকা ; গোরক্ষবিজয় ; বিদ্যাপতি ; 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য ; বাউল গান

৪ । নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

(ক) 'মহাভারত' অনুবাদক কাশীরাম দাসের কৃতিত্ব বিচার করো ।

(খ) 'মনসামঙ্গল' কাব্যধারার পরিচয় দিয়ে বিভিন্ন কবির রচনায় প্রাপ্ত মূল কাহিনিটি সংক্ষেপে লেখো ।

(গ) 'চণ্ডীমঙ্গল' কাব্য রচনায় দ্বিজ মাধবের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো ।

(ঘ) ষোড়শ শতককে মধ্যযুগের বাঙালির সাহিত্য ও সমাজ-জীবনের স্বর্ণযুগ বলে কেন চিহ্নিত করা হয়, তা যুক্তিসহ লেখো।

(ঙ) মধ্যযুগের বাংলা সাহিত্যে সৈয়দ আলাওলের অবদান সম্পর্কে আলোচনা করো।

(চ) বাংলায় রচিত চৈতন্যজীবনী কাব্যগুলোর মধ্যে কোনটিকে তোমার শ্রেষ্ঠ বলে মনে হয় এবং কেন?

(ছ) মহাভারত অনুবাদের ধারায় শ্রীকর নন্দী ও সঞ্জয় সম্পর্কে আলোচনা করো।

(জ) শাক্ত পদাবলির ভাবসৌন্দর্য প্রকাশে রামপ্রসাদ সেনের কৃতিত্ব বিচার করো।

★★★